**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, জনগণের সার্বিক উন্নয়নে সরকার দায়বদ্ধ।**

**(২) সুপ্রিমকোর্ট আজ ভারতের নির্বাচন কমিশন পরিচালিত এস.আই.আর-এর বৈধতা বহাল রেখেছে।**

**(৩) "মিশন কুইন আনারস, ত্রিপুরা" প্রকল্প আজ থেকে চালু হয়েছে।**

**(৪) খেলো ধর্মনগর ২০২৬-এর বিজয়ীদের মধ্যে আগামী ৩০শে মে পুরস্কার বিতরণ করা হবে।**

*************************************

**CM-BJP President Meet :**

নতুন দিল্লিতে দলের কেন্দ্রীয় কার্যালয়ে বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীনের সাথে এক উচ্চপর্যায়ের বৈঠকে মিলিত হলেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। এই বৈঠকে ত্রিপুরার সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতি এবং সাংগঠনিক বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সামাজিক মাধ্যমে মুখ্যমন্ত্রী জানান, "ত্রিপুরার বিভিন্ন সাংগঠনিক বিষয় এবং সাম্প্রতিক ঘটনাবলী নিয়ে ফলপ্রসূ আলোচনা হয়েছে। দলের সংগঠনকে আরও শক্তিশালী করতে এবং জনগণের সার্বিক উন্নয়নে সরকার দায়বদ্ধ।"

*******************************

**Eid :**

আগামীকাল রাজ্যেও ঈদুজ্জোহা উদযাপিত হবে। মুসলিম ধর্মাবলম্বীরা এই দিবস উদযাপন নিয়ে ব্যাপক প্রস্তুতি নিয়েছে। ঈদুজ্জোহা উপলক্ষে আগরতলায় গেদু মিয়াঁ মসজিদ সাজিয়ে তোলা হয়েছে। মসজিদের ইমাম মৌলানা আসাউদ্দিন আজ জানিয়েছেন, আগামীকাল সকাল ৮টা ৩০ মিনিটে ঈদের নামাজ অনুষ্ঠিত হবে।

ঈদুজ্জোহা উপলক্ষে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এক শুভেচ্ছা বার্তায় জানিয়েছেন, ঈদুজ্জোহা হচ্ছে ত্যাগ, তিতিক্ষা, আত্মশুদ্ধি ও মানবতার এক পবিত্র উৎসব। আত্মশুদ্ধি ও ত্যাগের মহান আদর্শের মধ্য দিয়ে ঈদ উদযাপনের এই লগ্নে রচিত হয় পারস্পরিক সৌহার্দ্য। ঈদুজ্জোহা উপলক্ষে মুখ্যমন্ত্রী রাজ্যের সর্বস্তরের জনগণের সুস্বাস্থ্য, সুখ ও সমৃদ্ধি কামনা করেছেন।

***************************

**SIR-Supreme Court :**

সুপ্রিম কোর্ট আজ ভারতের নির্বাচন কমিশন পরিচালিত ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী বা এস.আই.আর-এর বৈধতা বহাল রেখেছে। সুপ্রিমকোর্ট পর্যবেক্ষণ করেছে যে, এস.আই.আর অবাধ ও সুষ্ঠু নির্বাচনের সাংবিধানিক আবশ্যকতাকে এগিয়ে নিয়ে যায়। আজ সুপ্রিমকোর্ট রায় দিয়েছে যে, ১৯৫০ সালের জনপ্রতিনিধিত্ব আইনের ৩২৪ ধারা এবং এর অধীনে প্রণীত বিধিমালা অনুসারে এস.আই.আর পরিচালনা করার ক্ষমতা নির্বাচন কমিশনের রয়েছে। প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচীকে নিয়ে গঠিত একটি বেঞ্চ রিট পিটিশনগুলির শুনানীর পর এই রায় ঘোষণা করেন।

************************

**NEET-UG :**

নিট-ইউজি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস মামলায় কেন্দ্রীয় তদন্ত সংস্থা সিবিআই আরও দুজন অভিযুক্তকে গ্রেফতার করেছে। এই নিয়ে মামলায় মোট

গ্রেফতারের সংখ্যা দাঁড়াল তেরো। সি.বি.আই সূত্রে জানা গেছে, ধৃত ব্যক্তিদের মধ্যে লাতুরের চিকিৎসক ডা. মনোজ শিরুরে অন্যতম। তদন্তে উঠে এসেছে, তিনি অভিযুক্ত পি. ভি. কুলকার্নির কাছ থেকে রসায়নের প্রশ্ন সংগ্রহ করে তিনজন ছাত্রকে সরবরাহ করেছিলেন। এদের মধ্যে এক কোচিং সেন্টারের মালিকের ছেলেও রয়েছে।

অন্যদিকে, আরেক অভিযুক্ত তেজস হর্ষাদকুমার শাহ পুনের একটি কোচিং সেন্টারের পদার্থবিদ্যার শিক্ষক। তিনি ধৃত অভিযুক্ত মনীষা হাভালদারের কাছ থেকে পদার্থবিদ্যার প্রশ্নপত্র সংগ্রহ করেছিলেন বলে সিবিআই জানিয়েছে। তদন্তের অংশ হিসেবে সিবিআই বিভিন্ন স্থানে এখন পর্যন্ত ঊনপঞ্চাশটি জায়গায় তল্লাশি চালিয়েছে। সেখান থেকে বেশ কিছু গুরুত্বপূর্ণ নথি, ল্যাপটপ এবং মোবাইল ফোন উদ্ধার করা হয়েছে। উল্লেখ্য, চলতি মাসের তিন তারিখে অনুষ্ঠিত নিট-ইউজি পরীক্ষা প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে বাতিল করা হয়েছে।

**************************

**CNG-PNG :**

রাজ্যে সি.এন.জি এবং পি.এন.জি-র বর্ধিত দাম আজ থেকে কার্যকর হয়েছে। ত্রিপুরা ন্যাচারাল গ্যাস কোম্পানি লিমিটেডের বিজ্ঞপ্তি অনুযায়ী পশ্চিম ত্রিপুরায় সি.এন.জি-র দাম প্রতি কেজি দুই টাকা বেড়ে হয়েছে ৮৭ টাকা ১৫ পয়সা এবং গোমতী জেলায় হয়েছে ৯১ টাকা ৯৫ পয়সা। এছাড়া, পি.এন.জি-র দাম পশ্চিম ত্রিপুরায় প্রতি ইউনিট ৪৫ টাকা ৮৮ পয়সা এবং গোমতী জেলাতে ৪৯ টাকা ৯৯ পয়সা নির্ধারণ করা হয়েছে। সরকারি কোয়ার্টার এবং বাণিজ্যিক ক্ষেত্রেও পি.এন.জি-র দাম বৃদ্ধি পেয়েছে।

*************************

**Ebola-Alert :**

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক জানিয়েছে, দেশে এখনও পর্যন্ত ইবোলা ভাইরাস রোগের কোনও ঘটনা রিপোর্ট হয়নি। তবে আফ্রিকার কিছু অংশে সাম্প্রতিক প্রাদুর্ভাবের পর পরিস্থিতির ওপর বিশেষ নজর রাখা হচ্ছে। উগান্ডা থেকে আসা এক ব্যক্তিকে হালকা উপসর্গ নিয়ে বেঙ্গালুরুর একটি সরকারি হাসপাতালে পর্যবেক্ষণে রাখা হয়েছিল। পরীক্ষার জন্য নমুনা পাঠানো হলে রিপোর্টে ইবোলা নেগেটিভ এসেছে। স্বাস্থ্য মন্ত্রক জানিয়েছে, বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশিকা মেনে সব ধরনের সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া হয়েছে। নাগরিকদের আতঙ্কিত না হয়ে শুধুমাত্র সরকারি সূত্রের তথ্যের ওপর নির্ভর করার পরামর্শ দেওয়া হয়েছে।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Agriculture Minister :**

রাজ্যের বিখ্যাত জিআই-স্বীকৃত 'কুইন আনারস'কে বিশ্বের দরবারে পৌঁছে দিতে কেন্দ্র ও রাজ্য সরকারের যৌথ উদ্যোগে ২৩৬ কোটি টাকার "মিশন কুইন আনারস, ত্রিপুরা" প্রকল্প আজ থেকে চালু হয়েছে। নতুন দিল্লির সঞ্চার ভবন

থেকে ভার্চুয়ালভাবে এই অনুষ্ঠানে যোগ দেন কেন্দ্রীয় মন্ত্রী জ্যোতিরাদিত্য এম সিন্ধিয়া। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এই অনুষ্ঠানে বলেছেন, জিআই-ট্যাগযুক্ত কুইন আনারসের সাহায্যে এই বহুমুখী উদ্যোগ প্রক্রিয়াকরণ পরিকাঠামোকে শক্তিশালী করবে, শক্তিশালী বাজার সংযোগ তৈরি করবে এবং রাজ্যের গর্ব আনারস'কে একটি বৈশ্বিক ব্র্যান্ডে উন্নীত করবে। মুখ্যমন্ত্রী বলেন উৎপাদনের ব্যবধান কমিয়ে এবং রপ্তানির সুযোগ বাড়িয়ে ত্রিপুরা রাজ্যের গ্রামীণ অর্থনৈতিক প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করতে এবং কৃষকদের আয় বাড়াতে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ। কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, তিন বছর মেয়াদি প্রকল্পের লক্ষ্য রাজ্যের কৃষকদের আয় বৃদ্ধি এবং ত্রিপুরার কৃষিভিত্তিক অর্থনীতিকে আরও শক্তিশালী করা।

তিনি বলেন, রাজ্যে মূলত জনজাতি কৃষকরা কুইন ও কিউ জাতের আনারস চাষ করছে। ত্রিপুরার রাজ্যফল 'কুইন আনারস' জিআই ট্যাগপ্রাপ্ত। এই আনারসের অসামান্য প্রাকৃতিক গুণাগুণ থাকা সত্ত্বেও রাজ্যের ক্ষুদ্র কৃষকরা এখনও প্রতি কেজি মাত্র ৬ থেকে ১০ টাকা দরে মূল্য পায়। প্রক্রিয়াজাত বা রপ্তানিমানের কুইন আনারস দেশীয় ও আন্তর্জাতিক বাজারে প্রতি কেজি ৮০ থেকে ১৫০ টাকা পর্যন্ত বিক্রি হতে পারে। কুইন অনারস ২০১৮ সাল থেকে এখনো পর্যন্ত দুবাই, কাতার, ওমান, বাংলাদেশে এবং ক্যান-এ সংরক্ষিত আনারস জার্মানি ও রাশিয়ায় রপ্তানি করা হয়।

তিনি বলেন, মিশন কুইন আনারস প্রকল্পে ২৩৬ কোটি টাকার মধ্যে রাজ্য সরকার দেবে ২০ কোটি টাকা, ডোনার মন্ত্রক ১৪৫ কোটি টাকা, কৃষি মন্ত্রক ৩০ কোটি টাকা, খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প মন্ত্রক দেবে ২৫ কোটি টাকা।

****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি 'গণবন্টন ব্যবস্থায় স্বয়ংক্রিয়তার মাধ্যমে রেশন পরিবহন ও আয় ব্যবস্থাপনায় সহায়তা প্রকল্প'-সার্থক পি.ডি.এস'কে একটি সমন্বিত প্রকল্প হিসেবে অব্যাহত রাখার অনুমোদন দিয়েছে। এই প্রকল্পটি ২০৩১ সালের

৩১শে মার্চ পর্যন্ত চালু থাকবে। এই প্রকল্পে কেন্দ্রের অংশ হিসেবে ২৫ হাজার ৫৩০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

*************************

**Fake Currency :**

খোয়াই মহকুমার অধীন কল্যাণপুর থানার পুলিশ ও গোয়েন্দা সংস্থা বাগান বাজারে এক অভিযান চালিয়ে কার্তিক দেবনাথ নামে এক শিক্ষকের কাছ থেকে প্রায় ২২ হাজার ৬০০ মূল্যের ভারতীয় জাল টাকা উদ্ধার করেছে। খোয়াই জেলার অতিরিক্ত পুলিশ সুপার জাস্টিন জোসেফ জানিয়েছেন, অভিযুক্ত কার্তিক দেবনাথকে গ্রেপ্তার করা হয়েছে।

***************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৪ তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। তাছাড়া ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে যে লিঙ্ক পাওয়া যাবে তাতেও মতামত জানানো যাবে। ফোনলাইন এমাসের ২৯ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

***************************

**Khelo-Dharmanagar :**

খেলো ধর্মনগর ২০২৬-এর বিজয়ীদের মধ্যে আগামী ৩০শে মে পুরস্কার বিতরণ করা হবে। আজ ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন মিতালী

রানী দাস সেন এক সাংবাদিক সম্মেলনে এখবর জানান। তিনি জানান, খেলো ধর্মনগর ২০২৬-এ মোট ৪৩টি ইভেন্ট সফলভাবে সম্পন্ন হয়েছে। সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন বিধায়ক জওহর চক্রবর্তী।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম, ধলাই, ঊনকোটি, খোয়াই, উত্তর ও দক্ষিণ জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৫.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১.১ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টিপাতের পরিমাণ ৪৭.৬ মিলিমিটার।

**************************